UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date:*** ১ জুলাই ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

# চট্টগ্রামে ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস্ ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর মুখপাত্র অংগ্য মারমা এক বিবৃতিতে চট্টগ্রামের বায়েজীদ এলাকায় সুজন বড়ুয়া নামে ইউপিডিএফের এক সদস্য গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আজ মঙ্গলবার (১ জুলাই ২০২৫) সংবাদ মাধ্যমে প্রদত্ত বিবৃতিতে অংগ্য মারমা বলেন, ইউপিডিএফ সদস্য সুজন বড়ুয়া তার কর্মস্থল খাগড়াছড়ির লক্ষীছড়ি থেকে চিকিৎসার জন্য চট্টগ্রামে গেলে গতকাল সন্ধ্যায় র‌্যাব ও আনসার সদস্যরা তাকে গ্রেফতার করে।

তার বিরুদ্ধে ইতিপূর্বে কোন মামলা কিংবা গ্রেফতারী পরোয়ানা ছিল না উল্লেখ করে ইউপিডিএফ নেতা বলেন, সন্ত্রাসী রূপে সাজানোর জন্য সামরিক পোশাক পরিয়ে ও হাতে অস্ত্র গুঁজে দিয়ে তার ছবি তুলে রেখে নিরাপত্তা বাহিনীর সদস্যরা তাকে বায়েজিদ থানায় হস্তান্তর করে।

বিবৃতিতে তিনি সুজন বড়ুয়াকে গ্রেফতারের ঘটনাকে পরিকল্পিত রাজনৈতিক দমন-পীড়নের অংশ বলে মন্তব্য করেন এবং অবিলম্বে তাকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।